গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-২
www.ssd.gov.bd

তারিখ : ০৯ জ্যৈষ্ঠ ১৪২৪
২৩ মে ২০১৮

নং-৫৮.০০.০০০০.০৯৪.১৪.০৪১.১৮- ৩৫৭

বিষয় : "ঠাকুরগাঁও জেলা কারাগার নির্মাণ" শীর্ষক প্রকল্পের যাচাই-বাছাই কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন কারা অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত "ঠাকুরগাঁও জেলা কারাগার নির্মাণ শীর্ষক প্রকল্পের যাচাই-বাছাই কমিটির সভা গত ২১/০৫/২০১৮ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন অত্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন) জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী। সভার কার্যবিবরণী পরবর্তী কার্যার্থে এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২৬/৫/২০১৮

(মোহাম্মদ মিজানুর রহমান)
উপপ্রধান
ফোনঃ ৯৫৬৬৫৭৫

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

(১) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
(২) প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
(৩) অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৪) কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, বকশিবাজার, ঢাকা।
(৫) যুগ্মসচিব (কারা), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৬) উপপ্রধান, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি :

(১) সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(২) প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ জন্য)।
(৩) অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৪) অফিস কপি।
(৫) মাস্টার কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা
www.ssd.gov.bd

কারা অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত "ঠাকুরগাঁও জেলা কারাগার নির্মাণ" শীর্ষক প্রকল্পের যাচাই বাছাই কমিটির সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | প্রদীপ রঞ্জন চক্রবর্তী<br>অতিরিক্ত সচিব (উন্নয়ন)<br>সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২১/০৫/২০১৮খি: |
| সময় | : | বেলা ১০.৩০ মিনিট |
| স্থান | : | সভাপতির অফিস কক্ষ। |

উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে উপস্থাপন করা হলো।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। কারা অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রস্তাবিত প্রকল্পের খসড়া ডিপিপি'র বিভিন্ন অঙ্গের বিষয়ে মূল্যবান পরামর্শ প্রদানের জন্য তিনি সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান।

০২। সভাপতির নির্দেশক্রমে উপপ্রধান জানান যে, প্রস্তাবিত প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ১৪৪৪৩.৮৩ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল জুলাই'২০১৮ থেকে জুন'২০২১ পর্যন্ত। প্রকল্পটি ২০১৭-২০১৮ অর্থবছরের আরএডিপিতে অননুমোদিত প্রকল্প হিসেবে নতুন প্রকল্পের তালিকায় অন্তর্ভুক্ত আছে। প্রকল্পের উদ্দেশ্যের মধ্যে রয়েছে আধুনিক সুযোগ সুবিধা সম্পন্ন নতুন জেলা কারাগার নির্মাণ, সরকারের সর্বশেষ দিকনির্দেশনা মোতাবেক তথ্য প্রযুক্তির সন্নিবেশকরণ, কারা বন্দিদের জন্য সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিতকরণ এবং কারা কর্মকর্তা/কর্মচারীদের জন্য একক ও পারিবারিক বাসস্থান নির্মাণ।

০৩। প্রকল্পের পটভূমি সম্পর্কে জানতে চাইলে কারা অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, ঠাকুরগাঁও জেলা কারাগারটি ১৮৯২ সালে উপ-কারাগার হিসেবে প্রতিষ্ঠা লাভ করে এবং ১৯৮৪ সালে জেলা কারাগার'এ উন্নীত হয়। কারা অভ্যন্তরে ০.৮২ একর এবং বাহিরে ২.০১ একর সহ কারাগারটির মোট জমির পরিমাণ ২.৮৩ একর যা ঠাকুরগাঁও শহরের প্রাণকেন্দ্রে অবস্থিত। কারাগারটির বন্দি ধারণ ক্ষমতা পুরুষ - ১৬৫ জন ও মহিলা ০৩ জনসহ মোট ১৬৮ জন । কারাগারটিতে বর্তমানে পুরুষ - ৩৯৭ জন ও মহিলা ০৩ জনসহ মোট ৪০০ বন্দি আটক রয়েছে । কারাগারের মোট জনবল ৭৮ জন। ১২৬ বছর পূর্বে নির্মিত কারাগারটির অধিকাংশ ভবন জরাজীর্ণ এবং ব্যবহারের অযোগ্য। শহরের প্রাণকেন্দ্রে অবস্থিত হওয়ায় কারাগারটি সম্প্রসারণের মত আশে পাশে খালি জায়গা নেই। বর্তমানে বন্দিদেরকে গাদাগাদি করে অস্বাস্থ্যকর পরিবেশে রাখতে হচ্ছে বলেও তিনি জানান।

০৪। প্রস্তাবিত নতুন ঠাকুরগাঁও নির্মাণের লক্ষ্যে ইতোমধ্যে শহর থেকে ০২ (দুই) কিলোমিটার দূরে শিংদিয়া মৌজায় ১৫.০০ একর জমি অধিগ্রহণ করা হয়েছে। এবাবদ ২৭/১২/২০১৭ তারিখে ৫৯ কোটি ৩০ লক্ষ টাকা ক্ষতিপূরণ হিসেবে পরিশোধ করা হয়েছে। অধিগ্রহণকৃত উক্ত ১৫.০০ একর জমি ঠাকুরগাঁও-পঞ্চগড় রাস্তার পাশে অবস্থিত। জায়গাটি রাস্তা থেকে ২/৩ ফুট নিচু হওয়ায় মাটি ভরাট করতে হবে। প্রস্তাবিত নতুন কারাগারের ধারণ ক্ষমতা হবে ১০০০ জন। অধিগ্রহণকৃত জমি কারা অধিদপ্তরের দখলে আছে এবং এটিতে পাহারার ব্যবস্থা করা হয়েছে।

০৫। প্রকল্পের জনবল হিসেবে ০৪ (চার) জনের প্রস্তাব করা হয়েছে, প্রকল্প পরিচালক ০১ জন, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ০১ জন, গাড়ীচালক ০১ জন এবং অফিস সহায়ক ০১জন। প্রকল্পের সুষ্ঠু কাজের স্বার্থে প্রকল্পের জন্য ০১ জন হিসাব রক্ষক থাকা প্রয়োজন বলে সভায় মতামত ব্যক্ত করা হয়। প্রকল্পে ০৪ (চার)টি মোটর সাইকেল এবং ০১ টি জীপ গাড়ির সংস্থান রাখা হয়েছে। মোটর সাইকেল এর সংখ্যা ০৪ (চার)টির পরিবর্তে ০২ (দুই) টি রাখা যেতে পারে বলে সভায় মতামত ব্যক্ত করা হয়।

০৬। আলোচনায় অংশ নিয়ে পিডব্লিউডি'র নির্বাহী প্রকৌশলী জানান যে, প্রকল্পের জন্য মাস্টার প্ল্যান করা হয়েছে। এছাড়া সৌর বিদ্যুৎ, রেইন ওয়াটার হারভেস্টিং, পুকুর, বনায়ন, সিকিউরিটি, আসবাবপত্র ইত্যাদির সংস্থান রাখা হয়েছে। পিডব্লিউডি'র ২০১৪ সালের রেট সিডিউল অনুযায়ী ব্যয় প্রাক্কলন করা হয়েছে বলেও সভাকে জানানো হয়। ডিপিপি'তে Sewerage Treatment Plant (STP) এর সংস্থান রাখা এবং ২০১৮ সালের রেট সিডিউল অনুযায়ী ব্যয় প্রাক্কলন করার জন্য সভায় মতামত ব্যক্ত করা হয়। প্রস্তাবিত নতুন কারাগারের নিরাপত্তার স্বার্থে ক্যামেরা, সিসি ক্যামেরা, ল্যাগেজ স্ক্যানার ইত্যাদির সংস্থান রাখার জন্য উপপ্রধান মতামত ব্যক্ত করেন। এ ছাড়া, টাঙ্গাইল জেলা কারাগারের ন্যায় ফোন বুথ স্থাপন করার বিষয়টি ডিপিপি'তে সংযোজন করা প্রয়োজন বলে তিনি মতামত ব্যক্ত করেন। আলোচনান্তে দেশের কয়েকটি কারাগারের সাক্ষাতকার রুমের অভিজ্ঞতার কথা তুলে ধরে সভাকে জানানো হয় যে, সাক্ষাতকার রুমে ঠিকমতো দেখা বা কথা বলার ক্ষেত্রে সমস্যা হয় কারণ কথা এবং অন্যান্য সাউন্ড ইকো হয়। কয়েকটি কারাগারের কিচেন রুম থেকে ধোয়া ঠিকমতো বের হতে পারে না । ফলে কিচেনে অনেক সময় অস্বাস্থ্যকর পরিবেশ বিরাজ করে। এ প্রেক্ষাপটে ইন্টারভিউ রুমের বিষয়ে সাউন্ড ইঞ্জিনিয়ার এর মতামত নেয়া এবং একইভাবে কিচেন এর ধোয়া নির্গমণের বিষয়ে অভিজ্ঞ জনবলের মতামত নেয়া প্রয়োজন বলেও সভায় মতামত ব্যক্ত করা হয়।

০৭। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহীত হয়:

(৭.১) ডিপিপি'তে বর্ণিত ভুল বানানসমূহ সংশোধন করা;

(৭.২) ২০১৪ সালের রেট সিডিউল এর পরিবর্তে ২০১৮ সালের রেট সিডিউল অনুযায়ী প্রস্তাবিত প্রকল্পের ব্যয় প্রাক্কলন করা;

(৭.৩) টাঙ্গাইল জেলা কারাগারের ন্যায় ফোন বুথ সিস্টেম চালু করার নিমিত্ত পৃথক কক্ষের সংস্থান ডিপিপি'তে অন্তর্ভুক্ত করা;

(৭.৪) প্রস্তাবিত নতুন কারাগারের কিচেন এর ধোয়া ভালোভাবে নির্গমণের বিষয়ে প্রয়োজনীয় ডিজাইন করা;

(৭.৫) প্রস্তাবিত নতুন কারাগারের ইন্টাভিউ কক্ষের সাউন্ড যাতে ইকো না হয় সে বিষয়ে প্রয়োজনীয় ডিজাইন করা;

(৭.৬) প্রকল্পের জনবলের মধ্যে হিসাবরক্ষকের ০১টি পদ অন্তর্ভুক্ত করা এবং ০৪টি মোটর সাইকেলের পরিবর্তে ০২টি মোটর সাইকেলের সংস্থান রাখা;

(৭.৭) প্রকল্পের জনবলের বিষয়ে জনবল নির্ধারণী কমিটির সুপারিশ গ্রহণের লক্ষ্যে জরুরীভিত্তিতে প্রস্তাব প্রেরণ করা;

(৭.৮) প্রকল্পের আওতায় বিদেশ প্রশিক্ষণের সংস্থান অন্তর্ভুক্ত করা;

(৭.৯) পুনর্গঠিত ডিপিপি ০৭ (সাত) দিনের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা।

০৮। পরিশেষে সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/৫/২০১৮
(প্রদীপ রঞ্জন চক্রবর্তী)
অতিরিক্ত সচিব (উন্নয়ন)
সুরক্ষা সেবা বিভাগ।